Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৬শে মাঘ বুধবার ১৩৬১ ইংরাজী 9th Feb. 1955 | ৩৭শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sevaks

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮১ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৬শে মাঘ বুধবার সন ১৩৬১ সাল।

# কৃষি-শিল্প-স্বাস্থ্য প্রদর্শনী

স্বাধীনতা লাভের পর কৃষিজাত দ্রব্যাদির শিল্পজাত বস্তুর উৎকর্ষ সাধনের জন্য স্থানে স্থানে প্রদর্শনী বা একজিবিসন খোলার ব্যবস্থা সরকার করিতে আরম্ভ করিয়াছেন। আগামী ১১ই ফেব্রুয়ারী হইতে ১৭ই ফেব্রুয়ারী পর্য্যন্ত জঙ্গিপুর মহকুমায় রঘুনাথগঞ্জস্থ ম্যাকেঞ্জি পার্কে উক্ত প্রদর্শনী খোলা হইবে। প্রদর্শনীর বিজ্ঞপ্তি স্থানান্তরে প্রকাশিত হইল।

ইংরাজ আমলে ১৯৩৩ খৃষ্টাব্দ হইতে ১৯৩৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত প্রতি বৎসর শীতকালে জঙ্গিপুরে এই ম্যাকেঞ্জি পার্কে প্রদর্শনী খোলা হইয়াছিল। প্রথম বৎসর প্রেসিডেন্সী বিভাগের কমিশনার সি, ডব্লিউ. গার্ণার প্রদর্শনীর দ্বারোদ্ঘাটন করেন। দ্বিতীয় বৎসর কাশিমবাজারের মহারাজা শ্রশচন্দ্র নন্দী দারুণ শীতে আসিয়া প্রদর্শনীর পৌরোহিত্য করিয়া যান। তৃতীয় বৎসর বঙ্গের অন্যতম মন্ত্রী নবাব কে, জি, এম, ফারোকী সাহেব সভাপতিত্ব করিয়াছিলেন। তখন জঙ্গিপুর মহকুমার শাসক ছিলেন শ্রীমণীন্দ্রকুমার সেন। তাঁহার ঐকান্তিক উৎসাহ, পরিশ্রম এবং স্থানীয় জনগণকে একত্র সংঘবদ্ধ করার প্রয়াস তিন বৎসরের প্রদর্শনীকে সর্ব্বাঙ্গসুন্দর করিয়া তুলিয়াছিল।

দ্বিতীয় বৎসরে নৈসর্গিক দুর্ঘটনা—ভীষণ ভূমিকম্প বাঙলার প্রান্তবর্ত্তী বিহার প্রদেশের অধিবাসীবর্গের বুকফাটা করুণ অবস্থা বাংলাকেও এতদুর বেদনা-কাতর করিয়া তুলিয়াছিল, যে জঙ্গিপুর প্রদর্শনীর সমস্ত আয়োজন সমাপ্ত হইয়াছে, মাত্র কয়েকদিন বাকী। আজ যে বিহারীদল বাংলা-ভাষাভাষীদের উপর সীমানির্দ্ধারণ কমিশনের আগমনে নির্ম্মম অমানুষিক পীড়ন সুরু করিয়াছে, জঙ্গিপুর-শাসক প্রদর্শনীর কার্য্য আরম্ভ করিতে -ন্তিয়া মহকুমার জনগণকে এক মহতী সভায় একত্রীভূত করিয়া বিহারের দুর্গত জনগণের সাহায্যের ব্যবস্থা করিয়া প্রদর্শনীর দ্বারোদ্ঘাটনের কার্য্য আরম্ভ করেন। প্রদর্শনীর আরম্ভ সঙ্গীতটি করুণ কণ্ঠে গাহিয়াছিলেন তদানীন্তন রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের প্রধান শিক্ষক বর্ত্তমানে হাই স্কুলের সহকারী প্রধান শিক্ষক শ্রীব্যোমকেশ ঘোষ মহাশয়। আরম্ভ-গীতি ও সভাপতি সম্বর্দ্ধনা কীর্ত্তন ব্যোমকেশ বাবু এমন দরদ দিয়া গাহিয়াছিলেন যে তাঁহার নিজের এবং অনেক শ্রোতৃবৃন্দেরও অশ্রুপাত হইয়াছিল। আমরা নিম্নে দুইটি গানই প্রকাশ করিলাম।

## উদ্বোধন-সঙ্গীত

গত বছর হাতে খড়ি,
এ বছর দ্বিতীয় ভাগ।
ঐক্য বাক্য ঠিক রাখিলে
মাণিক্যেরও পাব ভাগ ॥
চলার আগে দিয়ে হামা,
প্রথম বুলি ফুটলো মা মা,
ক্রমে সেধে সা রে গা মা
গাইব সুখে রাগ বেহাগ।
এমন সময় কাঁপলো ভূ-লোক,
মরলো দেশে অসংখ্য লোক!
থামিয়ে দিল প্রাণের পুলক
ভূকম্পনে পয়লা মাঘ!
নিমন্ত্রিয়া জেলা জুড়ে,
এগিয়ে গেছি বহুদুরে,
হর্ষ নয় এ জঙ্গিপুরে,
কর্ত্তব্যের বিষাদ-রাগ।
চৌদিকে হাহাকার ধ্বনি,
কুদৃষ্টি হানিল শনি,
কোনরূপে প্রদর্শনী—
কৌলিকতা বজায় থাক ॥

## সম্বর্দ্ধনা কীর্ত্তন

দয়া ক'রে যদি, এসেছ দরদী,
সহিয়া মাঘের শীত;
এ মণ্ডপে আজ, ওহে মহারাজ!
হ'তে হবে পুরোহিত।
(তোমায় পৌরোহিত্য করতে হবে—পৌরজনের গৌরব তুমি, পৌরোহিত্য করতে হবে)

(আজ) ভাঙা ঘরে চাঁদের আলো
মরা গাঙে বান,
বধির শুনিবে কানে
বোবা গাবে গান।
(তোমায় পেয়ে গো—অসম্ভব সম্ভব)
পূজা আয়োজন, মোদের রাজন্,
বিদুরের খুদ কণা,
(কিন্তু) প্রাণে কুতুহল, অতীব প্রবল
সুমেরু সম বাসনা।
[অসাধ্য সাধনের আশা,—(ভুঁয়ে) ফাঁদ পেতে চাঁদ ধরতে যাওয়া—অসাধ্য সাধনের আশা—দুঃখ দিয়ে মোক্ষ নেব—অসাধ্য সাধনের আশা]

খোল খোল দ্বার খোল
ওহে নৃপবর
প্রবেশ করহ দীন-
কুটীর ভিতর।
(দাঁড়ায়ে আছে গো—কত শত জন হেথা দাঁড়ায়ে আছে গো—(তোমায়) দেখিবে দেখাবে ব'লে দাঁড়ায়ে আছে গো)
পল্লী-মার কোল থেকে, আসিয়াছে একে একে,
কৃষিজীবী শিল্পকরগণ। (মহারাজ)
(তব) আগমন হ'য়ে জ্ঞাত, নিজ নিজ শ্রম-জাত,
আনিয়াছে কর নিরীক্ষণ ॥ (মহারাজ)
দেখ প্রতি ঘরে ঘরে, রাখিয়াছে থরে থরে,
নিজ নিজ দ্রব্যজাতগুলি। (মহারাজ)
পল্লী-কারিকর চাষা, বুক ভরা কত আশা,
মুখেতে নাহিক কোন বুলি ॥
[(ওরা) বল্‌তে জানে না—কি কথা বলিতে হয়—বল্‌তে জানে না—(ওরা) বোব' নয়—কালা নয়—বল্‌তে জানে না—(ওরা) বুকের কথা মুখে এনে—বল্‌তে জানে না।]

(এদের) কাগজ—মা বসুমতী,
লেখনী - লাঙ্গল,
মসী—দেহ-স্বেদ-রাশি,
আলেখ্য—ফসল।
[(এরা) মুর্খ নয় গো—বিশ্ববিদ্যালয় না গিয়েও, মুর্খ নয় গো—এদের বিদ্যায় বিশ্ব বাঁচে—মুর্খ নয় গো, বিশ্বের অন্ন এরাই জোগায়—মুর্খ নয় গো।]

(আজ) ধন্য মোদের বঙ্গভূমি ধন্য মোরা সবে।
(মোদের) চিরঋণী ক'রে গেলে এসে এই উৎসবে ॥

## জঙ্গিপুর মহকুমা স্পোর্টস এসোসিয়েশন

গত ৬ই ফেব্রুয়ারী রবিবার জঙ্গিপুর মহকুমা স্পোর্টস এসোসিয়েশনের সপ্তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা রঘুনাথগঞ্জে ম্যাকেঞ্জি পার্কের সন্নিকটস্থ জঙ্গিপুর হাই স্কুলের খেলার মাঠে অনুষ্ঠিত হইয়াছে। মাঠে বিপুল জনসমাগম হইয়াছিল। জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয় বিজয়ীগণকে পারিতোষিক প্রদান করেন।

---

## মাঘী পূর্ণিমার স্নানার্থী

গত ২৩শে মাঘ রবিবার মাঘী পূর্ণিমা উপলক্ষে রাঢ় অঞ্চলের বহু স্নানার্থী রঘুনাথগঞ্জে আগমন করিয়াছিলেন। যাত্রিগণের বিশ্রাম করার বা গাড়ী রাখার কোন স্থান না থাকায় তাঁহাদিগকে বিশেষ অসুবিধা ভোগ করিতে হইয়াছে। স্বর্গীয় দেওয়ান কীর্ত্তি দত্তের ভাঙ্গার বাড়ী ও তুলসীবিহার বাড়ীর ঘরগুলি মেরামত অভাবে ভাঙ্গিয়া যাওয়ায় ও ফাঁকা যায়গা প্রজাবিলি করায় যাত্রিগণের এই অসুবিধার অন্যতম কারণ।

---

## পরলোকে
## কবি-করুণানিধান বন্দ্যোপাধ্যায়

গত ২২শে মাঘ শনিবার রাত্রি ১০টার সময় বাংলার জনপ্রিয় কবি করুণানিধান বন্দ্যোপাধ্যায় মহাশয় শান্তিপুর হেল্‌থ সেণ্টারে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৮ বৎসর হইয়াছিল। শান্তিপুরের প্রসিদ্ধ পণ্ডিত স্বর্গীয় রামনাথ তর্করত্ন মহাশয় কবির মাতুল ছিলেন এবং তিনি তাঁহার নিকটই লালিত পালিত হন। আমরা তাঁহার পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করি।

জঙ্গিপুর মহাবিদ্যালয়ের অধ্যাপকগণ ও ছাত্র-ছাত্রীরা এক শোকসভায় মিলিত হইয়া বাংলার প্রাচীনতম কবির শোকসন্তপ্ত স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করেন।

---

## নিলাম ডাকে বন্দোবস্ত

আগামী ১৮ই ফেব্রুয়ারী শুক্রবার বেলা ১-৩০ মিনিটের সময় জঙ্গিপুর মিউনিসিপালিটির অন্তর্গত খেয়াঘাট, শবদাহন ঘাট, কাঠের দোকান এবং খোঁয়াড় নিলাম ডাকে বন্দোবস্ত হইবে।

---

## জঙ্গিপুর মিউনিসিপালিটির মধ্যে সাইকেল রিক্সা গাড়ীর ভাড়ার তালিকা

| | | |
|---|---|---|
| ১। | সদর ঘাট, ফাঁসিতলা হইতে জঙ্গিপুর রোড ষ্টেশন বা ষ্টেশন হইতে সদর ঘাট ফাঁসিতলা | ৷০ |
| ২। | জঙ্গিপুর রোড ষ্টেশন হইতে বালিঘাটা ও গুজিরপুর বা বালিঘাটা, গুজিরপুর হইতে জঙ্গিপুর রোড ষ্টেশন ... | ৶০ |
| ৩। | ফুলতলা হইতে বালিঘাটা বা বালিঘাটা হইতে ফুলতলা ... | ৷৵০ |
| ৪। | সদর ঘাট হইতে ফৌজদারী বা দেওয়ানী আদালত ... | ৷০ |
| ৫। | ফুলতলা হইতে ফাঁসিতলা ( ব্যাঙ্ক পর্য্যন্ত ) উভয় কোর্ট ... | ৷০ |
| ৬। | সদর ঘাট হইতে জঙ্গিপুর মিউনিসিপ্যাল এলাকা ( ঘাটের পারানী সমেত ) | ১৲ |
| ৭। | সদর ঘাট হইতে ৪নং বা ৫নং ওয়ার্ডের যে কোন স্থান ... | ৷০ |
| ৮। | সদর ঘাট হইতে ৬নং ওয়ার্ডের শেষ পর্য্যন্ত ... ... | ৷৶০ |
| ৯। | এক মাইলের মধ্যে ... | ৷০ |
| ১০। | তদূর্দ্ধে বা প্রতি অর্দ্ধ মাইল বা তাহার অংশ ... ... | ৵০ |
| ১১। | প্রথম ১ ঘণ্টা বা তদংশ ... | ॥০ |
| ১২। | পরবর্ত্তী প্রতি অর্দ্ধ ঘণ্টা ... | ৷০ |

দ্রষ্টব্য :—প্যাসেঞ্জার দূরত্ব বা সময় অনুসারে ভাড়া দিতে পারেন, কিন্তু রিক্সাতে উঠিবার পূর্ব্বে সেরূপ মত তাহাকে প্রকাশ করিতে হইবে। নচেৎ দূরত্ব হিসাবে তাঁহাকে ভাড়া দিতে হইবে।

---

**দূরের মানুষ কাছে হয়**
**ফটো যদি সঙ্গে রয়**

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

## নিলামের ইস্তাহার
## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৪ই মার্চ্চ ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৩৩৭ থাং ডিঃ মনোহর দাস মহান্ত দেং ওসমান বিশ্বাস দিং দাবি ৫৩৮৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে শিমুলতলা ৩৮ শতকের কাত ৭৷৶৩ আঃ ১০৲ খং ৮২

৫২৭ থাং ডিঃ প্রফুল্লময়ী সরকার দিং দেং মাণ্ডলাবক্স মণ্ডল দিং দাবি ৪৭৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভৈরবটোলা ৭৫ শতকের কাত ৫॥৵০ আঃ ১০৲ খং ৯৩৭ক

৫৮৯ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং শ্রীমন্ত মণ্ডল দাবি ১৪৬৮৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রাণীনগর ২১ শতকের কাত ৩৷০ আঃ ১০৲ খং ৩৫৩

৭১৮ থাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং সাবিত্রীবালা দেবী দাবি ১১৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ১১ শতকের কাত ৶৪ পাই আঃ ৫৲ খং ৬১

৭১০ থাং ডিঃ সুরেন্দ্রনারায়ণ চৌধুরী দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ৮০৵১ থানা সুতী মৌজে সেখপুরা ইচলিপাড়া ৪-৪২ শতকের কাত ২২৲১০ আঃ ৪০৲ খং ৮৩৩। ৮৩৪। ১১২৪। ১১২৮। ১১৩১

৭৪৬ থাং ডিঃ শ্রীপতিনাথ দাস দিং দেং রমাভূষণ গঙ্গোপাধ্যায় মৃত্যুান্তে ওয়ারিশ শ্যামাচরণ গাঙ্গুলী দিং দাবি ২৩৶৩ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৫৯ শতকের কাত ॥৵৮ আঃ ৫৲ খং ১৫১০

৭৪৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪॥৯ মৌজাদি ঐ ১-৬৯ শতকের কাত ২৶৶৩ আঃ ৭৲ খং ১৫৯৩

৩২ মর্গেজ ডিঃ হরিহর ঘোষাল দিং দেং বসন্তকুমারী দাসী দিং দাবি ১৬৯৷৴৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-২৯ শতকের কাত ৮৷৵২ আঃ ২৬০৲ খং ৫৫০

১৯৫৫ সালের ডিক্রীজারী

১ থাং ডিঃ দুর্গাপদ চট্টোপাধ্যায় দেং জানমহম্মদ বিশ্বাস দাবি ১৫।৫ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ৪০ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ৩৭

২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৶০ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ৬৲ আঃ ২০৲ খং ৪৫৮

৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৷৵৯ মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ৫৲ আঃ ২০৲ খং ১৩৫

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ২১শে মার্চ্চ ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৩৩০ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং পঙ্কজকুমার রায় দিং দাবি ১৯।৩ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ২২ শতকের কাত ৮৪ আঃ ৫৲ খং ৩৩৪

৩৭৬ থাং ডিঃ মৃগেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং সৈয়দ আবদুল সালাম দিং দাবি ৩৫৶০ থানা সাগরদীঘি মৌজে বাবুরীগ্রাম ১-০২ শতকের কাত ৩৶৩ আঃ ১০৲ খং ১৫

৩৮৫ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং গৌরীশঙ্কর দাস দিং দাবি ৩২৮/০ থানা সাগরদীঘি মৌজে মোড়গ্রাম ১-৯৭ শতকের কাত ৭৲ আঃ ২০৲ খং ৫৩১

৩৮৬ থাং ডিঃ ঐ দেং হোদ্দিশ সেখ দাবি ২২।০ মৌজাদি ঐ ৮৮ শতকের কাত ৩৷৮॥ গণ্ডা আঃ ১০৲ খং ৫৩১

৩৬৫ থাং ডিঃ রায় অনিলকুমার চট্টোপাধ্যায় বাহাদুর দিং দেং জসিমন বিবি দিং দাবি ৪১।৶৩ থানা সাগরদীঘি মৌজে চর মথুরাপুর ১-২৩ শতকের কাত ৫॥৴৩ আঃ ৫৲ খং ২১৩, ২৭২, ২৬৮

১৯৫৫ সালের ডিক্রীজারী

৮ থাং ডিঃ বিমলসিং কুঠারী দেং ইসমাইল সেখ দিং দাবি ২৮।৴৯ থানা সাগরদীঘি মৌজে মেঘা ১-৬৫ শতকের কাত ৬॥৴৮ আঃ ৫৲ খং ২১

৯ থাং ডিঃ ঐ দেং ইসমাইল সেখ দাবি ৫৫।/৯ মৌজাদি ঐ ৩-৬৭ শতকের কাত ১৬৸৶০ আঃ ১০৲ খং ২০

১১ থাং ডিঃ ৺শশিভূষণ চৌধুরী সম্পদ এষ্টেটের ট্রাষ্টি ইন্দুভূষণ চৌধুরী পক্ষে গোবিন্দভূষণ চৌধুরী দেং লালু মাহাতো দাবি ৬০।০ থানা সাগরদীঘি মৌজে কৈয়ড় ২-২৩½ শতকের কাত ৯৮/৫ আঃ ৩০৲ খং ১৩৭

১০ থাং ডিঃ ঐ দেং কৈবল্যদায়িনী দাসী দিং দাবি ৩২॥৶৩ মৌজাদি ঐ ৫২ শতকের কাত ৪৲ আঃ ১৫৲ খং ৫৯

১২ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দিং দাবি ২৯/৬ মৌজাদি ঐ ১-৪৯ শতকের সেস ৷/৩ আঃ ১৫৲ খং ৪৫৮

১৩ থাং ডিঃ বিমলসিং কুঠারী দেং রঘুনাথ দাস দিং দাবি ২৯৸৶০ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ১-০৪ শতকের কাত ৬।/০ আঃ ৫৲ খং ২২৭

১৪ থাং ডিঃ ঐ দেং রমাপ্রসাদ সাহা দাবি ৪১৲৩ থানা ঐ মৌজে রতনপুর ৫৩ শতকের কাত ১।৪৸ মণ চাউল আঃ ৫৲ খং ১৬১

১৫ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং আবদুল মইদ সেখ দিং দাবি ১৯৸/৯ থানা সাগরদীঘি মৌজে সাওরাইল ৭৬ শতকের কাত ৭৸৴০ আঃ ১০৲ খং ৮৮

১৬ থাং ডিঃ ঐ দেং মোহিনীমোহন মাল দিং দাবি ২১॥৬ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত ৩৸/৩ আঃ ১০৲ খং ৩৭০

১৯ থাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং জামদ্দী বিশ্বাস দিং দাবি ৮৭৶৩ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ও চামুণ্ডা ৬-৪৬ শতকের কাত ২১॥৶৩ পাই আঃ ২০৲ খং নওপাড়া ৩৯, চামুণ্ডা ৩৪

২০ থাং ডিঃ ঐ দেং হান্নান মণ্ডল দিং দাবি ১৮৸৴৯ থানা ঐ মৌজে নওপাড়া ১-৪৬ শতকের সেস ।/৯ আঃ ৫৲ খং ৩৩

২৯ থাং ডিঃ ঐ দেং রবীন্দ্রনাথ সরকার দিং দাবি ৩১।/০ মৌজাদি ঐ ২-১০ শতকের সেস ॥৩ আঃ ৫৲ খং ১৪ অধীনস্থ খং ৩৭০

৩৪ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং শরব্দী সেখ দিং দাবি ৩৪৸৯ থানা সাগরদীঘি মৌজে কামরাপাড়া ৪-২৩ শতকের কাত ৪৸০ আঃ ২৫৲ খং ৩৭ রায়ত স্থিতিবান

৩৫ থাং ডিঃ ঐ দেং লালমহম্মদ সেখ দিং দাবি ২৪।৶৩ থানা ঐ মৌজে দিয়াড় বালাগাছি ৭৭ শতকের কাত ২।/৩ আঃ ১০৲ খং ১৯০ ঐ স্বত্ব

৩১ থাং ডিঃ ঐ দেং হাবিবর রহমান সেখ দিং দাবি ৫৪॥৩ থানা ফরক্কা মৌজে দোহিতপুর ৫-৭৫ শতকের কাত ১০॥৶৩ আঃ ২৫৲ খং ৯৯ ঐ স্বত্ব

৩৮ থাং ডিঃ ঐ দেং মোসলেম সেখ দাবি ১৫॥৴৯ মৌজাদি ঐ ১৩ শতকের কাত ১।৬ আঃ ৫৲ খং ৬০ ঐ স্বত্ব

৩২ থাং ডিঃ ঐ দেং তেনু ওরফে সাধু রায় দিং দাবি ৪৫।৴৩ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ২-১০ শতকের কাত ২৸৶৩ আঃ ২৫৲ খং ৮৬০ অধীনস্থ খং ৮৬১ ঐ স্বত্ব

৩৩ থাং ডিঃ ঐ দেং নান্‌হু হাজারী দাবি ১৯/৩ মৌজাদি ঐ ৮৭ শতকের কাত ২।৴০ আঃ ৯৲ খং ১০৬৫ ঐ স্বত্ব

৩৭ থাং ডি ঐ দেং রজনী মেহানা দাবি ১৯॥/৯ মৌজাদি ঐ ১৬ শতকের কাত ১।৪ আঃ ৫৲ খং ২১৮ অধীনস্থ খং ২১৯ ঐ স্বত্ব

৩৯ থাং ডিঃ ঐ দেং রজনীকান্ত মণ্ডল দিং দাবি ২০৸৶৩ মৌজাদি ঐ ২৪ শতকের কাত ২৲৯ আঃ ৯৲ খং ৯৮১ ঐ স্বত্ব

৩৬ থাং ডিঃ ঐ দেং খাতুন নেসা বিবি দাবি ১৭।৴৯ থানা ঐ মৌজে বেওয়া ২২ শতকের কাত ১॥৴০ আঃ ৭৲ খং ৭৫৬ অধীনস্থ খং ৭৫৭, ৭৫৮ ঐ স্বত্ব

২১ থাং ডিঃ বিজনকুমার পাঁড়ে দিং দেং তিনকড়ি কুনাইনী দাবি ১২৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে নপাড়া ২ শতকের কাত ॥/০ আঃ ২৲ খং ১৯৭

২২ থাং ডিঃ ঐ দেং সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দাবি ২১৴৩ থানা ঐ মৌজে অদ্বিতনগর ১-৮২ শতকের কাত ২৸০ আঃ ৫৲ খং ২

২৩ থাং ডিঃ ঐ দেং সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দাবি ১৪৮৴৯ মৌজাদি ঐ ৯-৭৪ শতকের কাত ৩২॥৶০ আঃ ২৫৲ খং ১৯৫ অধীনস্থ খং ১৯৬, ১৯৭, ২০৩ হইতে ২০৭

## বালিকার বৃত্তিলাভ

জঙ্গিপুর সাহেববাজারের শ্রীকৃষ্ণচন্দ্র পাল মহাশয়ের কন্যা কুমারী অঞ্জলি জঙ্গিপুর জুনিয়র হাই স্কুল হইতে মধ্য ইংরাজী বৃত্তি পরীক্ষা দিয়াছিল। সে জেলার মধ্যে প্রথম স্থান অধিকার করিয়াছে। আমরা জঙ্গিপুর জুনিয়র হাই স্কুলের শিক্ষকমণ্ডলীকে তাঁহাদের ছাত্রীর কৃতিত্বের জন্য ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

## রামলীলা গান

প্রায় তিন সপ্তাহ হইতে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে পশ্চিম দেশীয় রামলীলা গানের একটী দল প্রতি রাত্রে অভিনয় করিতেছে। হিন্দী ভাষা সকলের বোধগম্য না হইলেও শ্রোতার সংখ্যা নেহাৎ কম হইতেছে না। দর্শনী মাথাপিছু মাত্র এক আনা।

## বিহারে বাঙ্গালী বিদ্বেষের নমুনা

১৯০৫ সাল হইতে ১৯৪৭ সাল পর্য্যন্ত কি ভাবে পর্য্যায়ক্রমে বাংলা দেশকে খণ্ডিত এবং বঙ্গ সংস্কৃতিকে নিশ্চিহ্ন করিবার আয়োজন চলিতেছে সে করুণ কাহিনী সকলে অবগত হইলেও সাম্প্রদায়িকতার উর্দ্ধে থাকিবার জন্যই বোধ হয় বাঙ্গালী এই সকল আঘাত সহ্য করিয়া যাইতেছে। সম্প্রতি ভারত সরকার ইতিহাস ভুগোল ভাষা সংস্কৃতি অর্থনৈতিক ও প্রশাসনিক সৌকর্য্য বিধানের জন্য প্রদেশগুলি পুনর্বিন্যাসের উদ্দেশ্যে রাজ্য পুনর্গঠন কমিশন গঠন করায় যে সকল অংশ ঐ সকল যুক্তিতে পশ্চিম বঙ্গের অবিচ্ছেদ্য অংশ সেইগুলি পশ্চিমবঙ্গে ফিরিয়া পাইবার দাবী অকাট্যরূপে প্রবল হইয়া উঠিয়াছে। কিন্তু বাংলার যে সকল প্রতিবেশী রাজ্য এই দাবীকে অন্যায়রূপে ব্যাহত করিবার জন্য দারুণ চেষ্টা সুরু করিয়াছে—বিহার ইহাদের অন্যতম।

### সরকারী সহযোগিতা

এই ঘৃণ্য প্রাদেশিকতার সঙ্গে সরকারী সহযোগিতার অভিযোগও আসিয়া পৌঁছাইতেছে। পশ্চিম বঙ্গের কোনও একটি রাজনৈতিক দলের অফিসে নিম্ন মর্ম্মে একটি তারবার্তা আসিয়াছে—

মিহিজামে বর্তমানে রাজ্য পুনর্গঠন কমিশনের বৈঠক চলিতেছে। আসানসোল, চিত্তরঞ্জন, মিহিজাম প্রভৃতি অঞ্চলকে হিন্দীভাষীদের অধ্যুষিত বলিয়া দেখাইবার জন্য প্রতিদিন হাজার হাজার বিহারী বিনা টিকিটে মিহিজাম ষ্টেশনে আসিয়া জমিতেছে। সরকারী রেল পুলিশ উহাদের বাধাদান করাতে কেন্দ্রীয় নির্দ্দেশে রেল পুলিশকে ঐ কেন্দ্র হইতে মধুপুরে অপসারণ করা হইয়াছে।

### সরকারী বিদ্যালয়ে বাঙ্গালী বিদ্বেষের নমুনা

বিহারের অভ্যন্তরে বাঙ্গালী বিদ্বেষের প্রচার কি জঘন্য রূপ পরিগ্রহ করিয়াছে নিম্নে উহার একটি নমুনা দেওয়া হইল।

পাটনা শহরের অভ্যন্তরে বাঁকীপুর (সরকারী) গার্লস হাই স্কুলে কয়েকদিন পূর্বে প্রকাশিত ম্যাগাজিনে বিমলা প্রসাদ নাম্নী নবম শ্রেণীর এক ছাত্রীর লিখিত এই কবিতাটি মুদ্রিত হইয়াছে। ইহাতে এই ছাত্রীটি বাঙ্গালীকে 'বগলে শালী লইয়া চলা' মতয়াল (মাতাল) রূপে চিত্রিত করিয়া কেবল বাংলায় বা তথাকথিত বিহারে নহে গোটা ভারত হইতেই নিকলাই' বিতাড়ন করিতে চাহিয়াছেন। কবিতাটির নাম 'জরা হাঁস লো' (একটু হাসো)

### কবিতা

আই এম শৌরী
 বিকাউজ মাই লম্বুক লম্বুক দাড়ী।
জিস পর চলী রেলগাড়ী,
 ডব্বে মেঁ বৈঠে বাবু বাঙ্গালী।
উনকী ধোতী ঢীলী ঢালী,
 উনকী পেট তো হায় থালী।
বগল মেঁ হায় সালী,
 লাই মিঠাই ভর থালী।
উনকী চাল হায় নিরালী,
 দেখনে মেঁ হায় মাতয়ালী।
জিনকা নাম হায় ঢীলন ঢালী,
 উনকো ভারত সে নিকালী।"

এই ধরণের নমুনা বহু দেওয়া যায়। বিহারের ছাপাখানা উপ্ছাইয়া সম্প্রতি কলিকাতা প্রেসে পর্য্যন্ত বাঙ্গালীর কুৎসা করিয়া পোষ্টার ছাপা হইতেছে।

---

### জঙ্গিপুর মহকুমার

## বাঙ্গালী তরুণীর সঙ্গীতে কৃতিত্ব

বণ বিশ্ববিদ্যালয়ে পি, এইচ-ডি ডিগ্রী লাভ

জঙ্গিপুর মহকুমার কাঞ্চনতলার স্বর্গত মোহিনীমোহন রায় মহাশয়ের কন্যা কুমারী ত্রিণা রায় পশ্চিম জার্ম্মাণীর বণ বিশ্ববিদ্যালয় হইতে উচ্চাঙ্গ সঙ্গীতে পি, এইচ-ডি ডিগ্রী লাভ করিয়াছেন। জার্ম্মাণীর অধ্যাপকগণ ও সঙ্গীতবিদ্গণ তাঁহার ভূয়সী প্রশংসা করিয়াছেন।

শ্রীমতী ত্রিণা এযাবত সকল পরীক্ষাতেই প্রথম স্থান অধিকার করিয়াছেন। বিদেশে ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীত বিষয়ে উচ্চ শিক্ষালাভ ও গবেষণার জন্য তিনিই প্রথম ১৯৫২ সালে বৃত্তি পান। ১৯৪৮ সালে সমগ্র ভারত হইতে নির্ব্বাচিত নয় জন শিক্ষার্থীর তিনি অন্যতম এবং বিশ্বভারতীর বিনয় ভবনে সঙ্গীত সম্বন্ধে উচ্চ শিক্ষা লাভের জন্য ভারত সরকার তাঁহাকে বৃত্তি দেন।

## জঙ্গিপুরে ইলেক্ট্রিক

আমরা জঙ্গিপুর মিউনিসিপালিটির চেয়ারম্যান শ্রীযুক্ত মুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট জানিতে পারিয়াছি—পশ্চিম বঙ্গ সরকারের উন্নয়ন বিভাগের সহকারী ইঞ্জিনিয়ার মহাশয় জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ সহরে ইলেকট্রিক আলোর ব্যবস্থার জন্য এখানে আগমন করিয়াছিলেন। তিনি মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের নিকট তাঁহার আবশ্যকীয় জ্ঞাতব্য বিষয়গুলি লিপিবদ্ধ করিয়া লইয়া গিয়াছেন। আগামী ১৯৫৬-৫৭ সালে ইলেক্ট্রিক আলোর ব্যবস্থা হইবার বিশেষ সম্ভাবনা আছে।

---

## কৃষি-শিল্প-স্বাস্থ্য প্রদর্শনী

(জঙ্গীপুর)

স্থান—ম্যাকেঞ্জি পার্ক, রঘুনাথগঞ্জ

তারিখ—১১ই ফেব্রুয়ারী হইতে

১৭ই ফেব্রুয়ারী ১৯৫৫ সাল

গবাদি পশু, মোরগ, বিভিন্ন কৃষিজাত দ্রব্য,
বয়ন, সূচি, অন্যান্য গৃহশিল্পের এবং
স্বাস্থ্য-বিষয়ক প্রদর্শনী,
প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ।
সার্কাস, ম্যাজিক, সিনেমা, কবিগান,
থিয়েটার প্রভৃতির আয়োজন।


প্রদর্শনী সংক্রান্ত বিস্তারিত বিবরণ ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টদের নিকট অথবা স্থানীয় কৃষি অফিসে কিম্বা মহকুমা শাসকের অফিসে পাওয়া যাইবে।

---

## এস, বি, বিশ্বাস এণ্ড কোং

৫৫/৬২, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা—১

সুলভ মূল্যে দেশী, বিদেশী সর্ব্বপ্রকার এ্যালোপ্যাথিক ঔষধ পাইবার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। মফঃস্বলের অর্ডার অতি যত্নের সহিত সরবরাহ করা হয়।




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিস্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট:—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডে কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত